# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ৮ম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ খোশনুর রুবাইয়াৎ, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।

তারিখ : ২৭-০১-২০২৫ খ্রিঃ ।

সময় : সকাল ১১.০০ ঘটিকায় ।

<u>সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।</u>

সভায় নবাগত উপজেলা নির্বাহী অফিসার ও অদ্য সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন ।অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয় । | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | (ক) আলোচনার শুরুতে প্রতিনিধি,উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>(খ) আলোচনাকালে তিনি আরোও জানান, এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন দপ্তর ও ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে । গত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত প্রকল্প সমূহ যাচাই বাছাইয়ের জন্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রেরণ করা হয়।প্রকল্প বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্প তালিকা (পরিশিষ্ট-খ) অদ্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন । | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২)সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্প তালিকা (পরিশিষ্ট-খ)অদ্য সভায় অনুমোদিত হয় ও যথাসময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br><br>তিনি জানান, অত্র উপজেলায় কোন ডেঙ্গু রোগী পাওয়া যায়নি, এছাড়া ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সিলেট এ মেডিকেল টিম এর মাধ্যমে এম পক্স স্ক্যানিং কার্যক্রম চালু রয়েছে । কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি ।বর্তমানে ওসমানী সিলেট আন্তর্জাতিক বিমানবন্দরে প্রায় ৩০০০ (তিন হাজার) এইচ এম পি ভি রোগী স্ক্যানিং করা হয়েছে । কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি ।ইপিআই এবং কমিউনিটি ক্লিনিক কার্যক্রম যথা নিয়মে অব্যাহত রয়েছে ।<br><br>তিনি জানান, টুকেরবাজার ইউনিয়নের সাবেক ২ বর্তমান ৫ নং ওয়ার্ড এর মালনীছড়া কমিউনিটি ক্লিনিক খোলা হয়েছে । সপ্তাহে সোমবার এইচ এ দ্বারা পরিচালিত হচ্ছে । জালালাবাদ ইউনিয়নের সাবেক ১ বর্তমান ৩নং ওয়ার্ড আলীনগর কমিউনিটি ক্লিনিক খোলা হয়েছে । সপ্তাহে প্রতি রবিবার এইচ.এ দ্বারা পরিচালিত হয় । মোগলগাঁও ইউনিয়নে সাবেক ৩ এবং বর্তমান ৯ নং ওয়ার্ডে মোগলগাঁও কমিউনিটি ক্লিনিক খোলা হয়েছে । সপ্তাহে প্রতি রবিবার এইচ.এ দ্বারা পরিচালিত । বর্নিত কমিউনিটি ক্লিনিকে সিএইচসিপি পদায়নসহ কোন আনুসাঙ্গিক কাগজপত্র প্রেরণ করা হয়নি । এ ব্যাপারে সিবিএইচসি,র বরাবরে সিএইচসিপি পদায়ন করার জন্য বার বার পত্র প্রেরণ করা হয়েছে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠ পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>১.৩। এম পক্স স্ক্যানিং কার্যক্রম চলমান রাখতে হবে ।<br>১.৪। ছাত্র জনতার গণঅভ্যুত্থানে আহতদের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক কাজ করতে হবে । যেসকল আহত ব্যক্তির নাম এখনও এমআইএস এ এন্ট্রি হয়নি তাদের এমআইএস এ এন্ট্রি দিতে হবে । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |

| | | | |
|---|---|---|---|
| | তিনি জানান তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে পুষ্টি ও ব্রেস্ট ক্যান্সার বিষয়ে সচেতনতামূলক সভা জহিরিয়া এমইউ উচ্চ বিদ্যালয়, খাদিমপাড়াতে আয়োজন করা হয়েছে। | | |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের স্কুল কলেজে ব্যানার টানানো, পিঠা উৎসব, কুইজ প্রতিযোগিতা ইত্যাদি অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।তিনি জানান বই বিতরণ কার্যক্রম চলমান এছাড়া যেসকল বই এখনও পাওয়া যায়নি সেগুলোর অনলাইন কপি দিয়ে পাঠদান কার্যক্রম চলমান।তিনি জানান, মাধ্যমিক পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা শুরু হবে।তিনি মাদ্রাসা গুলোতে ডেস্ক বেঞ্চ সরবরাহের প্রস্তাব করেন। | ১) প্রত্যেক ইউনিয়ন পরিষদের যেকোন তহবিল হতে চাহিদা সংগ্রহ মাদ্রাসা গুলোতে ডেস্কবেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মা[illegible] শিক্ষা কর্মকর্তা[illegible] সংশ্লিষ্ট সকল। |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।১ম থেকে ৩য় শ্রেনীর ১০০ ভাগ বই পাওয়া গেছে। ৪র্থ ও ৫ম শ্রেনীর কিছু বই পাওয়া গেছে এছাড়া যেসকল বই পাওয়া যায়নি সেগুলোর অনলাইন কপি দিয়ে পাঠদান কার্যক্রম চলমান আছে।ইবতেদায়ী পর্যায়ের কোন বই অদ্যাবধি পাওয়া যায়নি।<br>তিনি জানান আন্তঃপ্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা স্কুল পর্যায়ে শুরু হয়েছে। উপজেলা পর্যায়ে কমিটি গঠন করে তারিখ ও স্থান নির্ধারণ করা হবে।<br>তিনি জানান প্রাথমিক স্কুল গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক)-২০২৫ জেলা পর্যায়ে নলকট সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ান এবং প্রাথমিক স্কুল গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালিকা)-২০২৫ জেলা পর্যায়ে বলাউড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় রানার্স আপ হয়েছে। | ১.১। প্রাথমিক পর্যায়ের যেসকল বই আসে নাই সেগুলো অনলাইন থেকে ডাউনলোড করে পাঠদান কার্যক্রম চলমান রাখতে হবে।<br>১.২। উপজেলা পর্যায়ে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠু ভাবে আয়োজন করতে হবে।<br>১.৩। প্রাথমিক স্কুল গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক)-২০২৫ জেলা পর্যায়ে নলকট সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং প্রাথমিক স্কুল গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালিকা)-২০২৫ জেলা পর্যায়ে বলাউড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় রানার্স আপ হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীন অবকাঠামো সংস্কার(কাবিটা)কর্মসূচীর ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। তিনি জানান, ৩টি ইউনিয়নের তালিকা পাওয়া গেছে বাকি ইউনিয়নের তালিকা দ্রুত দাখিলের প্রস্তাব করেন।তিনি প্রকল্প দাখিলে নীতিমালা অনুসরণ করার প্রস্তাব করেন।টিআর প্রকল্পের ক্ষেত্রে সর্বনিম্ন ১,০০,০০০/-(এক লক্ষ টাকা) এবং সর্বোচ্চ ৩,০০,০০০/-(তিন লক্ষ টাকা) প্রকল্প দাখিল করতে হবে।খাবিটার ক্ষেত্রে সর্বনিম্ন ৩,০০,০০০/-(এক লক্ষ টাকা) এবং সর্বোচ্চের সিলিং নাই এছাড়া কোন ব্যক্তিগত রাস্তা দেওয়া যাবে না। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।নীতিমালা অনুসরন করে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট জানান ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্র সমূহে কিছু ঔষধ সংকট আছে, দ্রুত সমাধান হয়ে যাবে এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, ২০২৪-২৫ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় ১০ জন কৃষকদের মাঝে ০.৫ বিঘা জমির জন্য ২২৫০ টি করে চারা বিতরণ করা হবে।<br>তিনি আরোও জানান,সার উত্তোলন চলমান বর্তমানে সারের কোন ঘাটতি নেই। | ১.১। প্রণোদনা কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দ ইউপি চেয়ারম্যান/ ইউপি সদস্যদের সাথে সমন্বয় করে বিতরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, সুরমা নদী ও চেঙ্গের খাল নদীর কিছু নির্দিষ্ট জায়গা মাছের অভয়াশ্রম করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান ক্ষুদ্র নৃ গোষ্ঠীর ১৯৩ জনকে হাঁস মুরগী দেওয়া হয়েছিল।চলতি বছরে হাঁস মুরগীর খাবারের বরাদ্ধ পাওয়া গেছে । খাবার প্রাপ্তি সাপেক্ষে তারিখ বিতরণের তারিখ নির্ধারণ করে জানানো হবে । | ১। হাঁস মুরগীর খাবার সুষ্ঠু ভাবে বিতরণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা বাছাইকৃত তালিকা পাওয়া যায়নি । তিনি দ্রুত তালিকা দাখিলের প্রস্তাব করেন। | ১.১) দ্রুত বয়স্ক ভাতা, বিধবা ভাতার অনলাইনে প্রাপ্ত আবেদন তালিকা সংশ্লিষ্ট ইউনিয়নের বরাদ্দ অনুসারে বাছাই করে প্রাথমিক তালিকা উপজেলায় দাখিল করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি । | ১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে । | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বন্যা পুর্নবাসন প্রকল্পে বিনামুল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর তালিকা বাছাই কার্যক্রম চলমান ।এক মাসের মধ্যে কার্যাদেশ প্রদান করা হবে ।তিনি পাবলিক টয়লেট নির্মাণের জন্য স্থান নির্বাচনের প্রস্তাব করেন। | ১.১। বন্যা পুর্নবাসন প্রকল্পে আওতায় বিনামূল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর নাম সুষ্ঠু ভাবে যাচাই বাছাই করতে হবে এবং পাবলিক টয়লেট স্থাপনের স্থান ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে নির্ধারণ করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) সিলেট সদর, সিলেট। |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান অফিস ভবন সংস্কার ও মেরামতের বরাদ্ধ পাওয়া গেছে, কিছু গাছের ডালপালা ছাটাই করার প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১ । উপজেলা পল্লী উন্নয়ন ভবণ সংস্কার/মেরামতের লক্ষ্যে ভবণের আশেপাশের গাছের ডালপালা ছাটাই করার সিদ্ধান্ত গৃহীত হয় ।বনবিভাগকে মূল্য নির্ধারণের জন্য বলা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১। ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। পরপর তিন মাস সভায় উপস্থিত না থাকলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করতে হবে। | ফরেস্ট রেঞ্জার ও সিলেট সদর, সিলেট। |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে জাতীয় গোল্ডকাপ অনুর্ধ্ব-১৭ উপজেলা পর্যায়ের খেলা অনুষ্ঠিত হয়েছে এখন জেলা পর্যায়ের খেলা চলমান।এছাড়া তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১) তারুণ্যের উৎসব-২০২৫ সুষ্ঠু ভাবে আয়োজন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট এর প্রতিনিধি জানান সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান, ২০ জানুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি পর্যন্ত তথ্য সংগ্রহ চলমান থাকবে । ০৫ ফেব্রুয়ারি হতে ২১ ফেব্রুয়ারি পর্যন্ত বায়োমেট্রিক নেওয়া হবে এসাথে মৃত ভোটার কর্তন করা হবে ।তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন ।খাদিমনগর ইউপির একটি ওয়ার্ডের নির্বাচনের প্রশ্নের জবাবে তিনি বলেন, হাইকোর্টের নির্দেশে নির্বাচন স্থগিত রাখা হয়েছে, হাইকোর্ট | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।ইউনিয়ন পরিষদের কোন সদস্য অনুপস্থিত থাকলে সেক্ষেত্রে মহিলা সদস্য দ্বারা যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>১.২) ছবি তোলার দিন ইউনিয়ন পরিষদ সদস্যদের উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |

| | | | |
|---|---|---|---|
| | থেকে আদেশ পাওয়া মাত্র নির্বাচন অনুষ্ঠিত হবে। | | |
| ৩। নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন-২০২৩ নিয়ে সভায় আলোচনা হয়। | | প্রশা· পরিষদ· নির্বাহী সিলেট সদর, |
| ৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, সিলেট পুলিশ লাইনস্ হাসপাতাল, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ন্যাশনাল কিডনী ফাউন্ডেশন এর কাছ থেকে অক্সিজেন সিলিন্ডারের চাহিদা পাওয়া গেছে।সেমোতাবেক আজ বিতরণ করা হবে। | ১.১) সরকারি প্রয়োজনে অক্সিজেন সিলিন্ডার ফেরত প্রদান করতে বাধ্য থাকার শর্তে অক্সিজেন সিলিন্ডার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা অফিসার, ইউডিং ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ০৫। বিবিধ | বিবিধ-১:-আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বলেন, নতুন জন্মনিবন্ধনের লক্ষমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানান। তিনি বলেন, স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগ, তথ্য আপা সহ যেসকল বিভাগের মাঠকর্মী আছেন সবাই স্ব স্ব কাজের পাশপাশি জন্মতথ্য সংগ্রহ করে ইউনিয়ন পরিষদে প্রেরণ করতে হবে।তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।এছাড়া কোন মানুষ জন্মনিবন্ধন সংশোধনের জন্য আবেদন করতে গেলে যাবতীয় সংশোধন দেখে, শুনে, বুঝে একবারে আবেদন করে দিতে হবে। এ বিষয়ে প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সংশ্লিষ্ট ইউডিসি ও ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের প্রস্তাব করেন। | ০১) স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগ, তথ্য আপা সহ যেসকল বিভাগের মাঠকর্মী আছেন সবাই স্ব স্ব কাজের পাশপাশি জন্মতথ্য সংগ্রহ কাজে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।এছাড়া নিয়মিত যথাসময়ে জন্ম-মৃত্যু নিবন্ধনের প্রতিবেদন সহ অন্যান্য প্রতিবেদন প্রদান করবেন।জন্মনিবন্ধন সংশোধনের আবেদনে আরোও সর্তকতা অবলম্বন করতে হবে। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খোশনূর রুবাইয়াৎ
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।
তারিখ: ০৬/০২/২০২৫ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৩৫(৫৩)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। উপজেলা ----------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৬। চেয়ারম্যান,---------------------- -----------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৭। জনাব/বেগম,-----------------------------------সিলেট সদর, সিলেট।
০৮। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব মো: মাহবুবুল ইসলাম | প্রশাসক, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |

| | | |
|---|---|---|
| | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| | জনাব মো: ছমির উদ্দিন | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১১) | ডা: আহমদ সিরাজুম মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১২) | জনাব শীর্ষেন্দু পুরকায়স্থ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৩) | জনাব মো: জামাল উদ্দিন | প্রতিনিধি,উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ১৪) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৫) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৬) | জনাব নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৭) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৮) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৯) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২০) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২১) | মিজ্ শারমীন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট । |
| ২২) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট । |
| ২৩) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ২৪) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২৫) | জনাব মো: গোলাম কিবরিয়া | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২৬) | জনাব শংকর কুমার দাশ | উপজেলা পরিসংখ্যান অফিসার(চ:দা), সিলেট সদর, সিলেট । |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব কামরুল হাসান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| ০২) | জনাব শ্যামল চন্দ্র দাস | উপজেলা সহকারী প্রোগ্রামার, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব মো: শহিদুল্লাহ | ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ |
| ০৪) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । |